"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.probashi.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে চূড়ান্ত প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার কার্যবিবরণী:

সভাপতি	: ড. আহমেদ মুনিরুছ সালেহীন সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	: ০৫ আগস্ট ২০২১ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ

০২। সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি এর উপস্থিতিতে প্রারম্ভিক বক্তব্যে তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। অতপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার আলোচ্যসূচিসমূহ সভায় অবিহত করেন। অতপর উপসচিব (প্রশাসন) জনাব মনির হোসেন চৌধুরী জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসূচির আলোকে গত ১৯ জুলাই ২০২১ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তের ধারাবাহিকতায় মন্ত্রণালয়ের মাসব্যাপী কর্মসূচি পর্যায়ক্রমে সভায় মাননীয় মন্ত্রীর অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সভায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে গৃহীত কর্মসূচিসমূহ নিম্নরূপভাবে পালনের সিদ্ধান্ত হয়ঃ

সিদ্ধান্তসমূহ:

১. মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১ আগষ্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত কালো ব্যাজ ধারণ করবেন।

২. মন্ত্রণালয় ও দপ্তরসমূহের সম্মুখভাগে দৃষ্টিনন্দন স্থানে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটির গাইডলাইন অনুযায়ী ড্রপ ব্যানার স্থাপনের মাধ্যমে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপনসহ বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক থেকেও জাতীয় শোক দিবসের গুরুত্ব তুলে ধরে ব্যাপক প্রচারণার ব্যবস্থা নিতে হবে।

৩. ১৫ আগস্ট সকাল ৬টা থেকে মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে জাতীয় পতাকা অর্ধ-নমিত রাখা হবে। এ লক্ষ্যে প্রবাসী কল্যাণ ভবনের ভবন মালিক হিসেবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং বিএমইটিসহ মাঠ পর্যায়ের অফিসগুলোও যথাসময়ে জাতীয় পতাকা অর্ধ-নমিত রাখার ব্যবস্থা গ্রহণ করবে।

৪. ১৫ আগস্ট সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ধানমন্ডি ৩২ এ অবিস্থত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে কেন্দ্রীয়ভাবে ঘোষিত সময়সূচি অনুযায়ী (সময়সূচি চূড়ান্ত হলে জানিয়ে দেয়া হবে) ব্যানারসহ মন্ত্রণালয়ের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণের যাবতীয় প্রস্তুতি রাখতে হবে।

৫. প্রবাসী কল্যাণ ভবনের নীচ তলায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বঙ্গবন্ধুর প্রতিকৃতিসহ নীচতলায় পরিচ্ছন্নতার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া মন্ত্রণালয়ের সেবা শাখা থেকে ফুল, মাইক, স্পিকার এবং পোডিয়ামসহ অন্যান্য প্রয়োজনীয় উপকরণ প্রস্তুত রাখবে।

৬. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সামাজিক দূরত্ব নিশ্চিত করে এবং স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল কর্মসূচি পালন করা হবে।

৭. মন্ত্রণালয়ের আয়োজনে ১৪ আগষ্ট ২০২১ সকাল ১১:০০ টা থেকে জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধরে একটি ওয়েবিনারের আয়োজন করা হবে। যার প্রতিপাদ্য বিষয় হবে **'বঙ্গবন্ধুর চেতনায় পাবলিক সার্ভিস'**। উক্ত অনুষ্ঠানে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ এমপি প্রধান অতিথি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ ফরহাদ হোসেন এমপি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া মুখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানের সভাপতি হিসেবে সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং সঞ্চালক হিসেবে মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো জনাব মোঃ শহীদুল আলম এনডিসি দায়িত্ব পালন করবেন।

৮. জেলা কর্মসংস্থান অফিস এবং টিটিসি ও আইএমটিসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় শোক দিবসের কর্মসূচিসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করবে। মহাপরিচালক, বিএমইটি এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৯. ১২ আগষ্ট ২০২১ তারিখ রিক্রুটিং এজেন্সীসহ সকল স্টেক হোল্ডারদের নিয়ে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো একটি ভার্চুয়াল সভার আয়োজন করবে।

১০. ১৫ই আগস্ট মন্ত্রণালয়ের আয়োজনে নিম্নরূপ কর্মসূচি পালন করা হবে:-

সকাল ০৬:০০ টা	জাতীয় পতাকা অর্ধনমিতকরণ
সকাল ০৯:৩০ টা	বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন
সকাল ১০:০০ টা	আলোচনা এবং দোয়া ও মোনাজাত
বেলা ১২:০০ টা	এতিম ও দুস্থদের মাঝে খাবার বিতরণ

১১. ১৬ আগষ্ট ২০২১ তারিখ বিকেল ৪:০০ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) আলোচনা এবং দোয়া ও মোনাজাত আয়োজন করবে।

১২. বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীনসহ বঙ্গবন্ধুর উপর লিখিত গ্রন্থসমূহ মন্ত্রণালয়ের সংগ্রহে রেখে বিভিন্ন দেশী-বিদেশী অতিথিদের উপহার হিসেবে প্রদান করার বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

১৩. বিদেশস্থ শ্রম উইংসমূহ কর্তৃক জাতীয় শোক দিবসের কর্মসূচি যথাযথভাবে পালনের বিষয়ে মিশন ও কল্যাণ অনুবিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. আহমেদ মুনিরুছ সালেহীন)
সচিব

স্মারক নং- ৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০৬.১৯-৫৫৬ তারিখ- ০৫/০৮/২০২১খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২ প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা।

৩ সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪ সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫ অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৬ মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

৭ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।

৮ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, ঢাকা।

৯ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।

১০ যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

১১ মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [**মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য**]।

১২ উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

১৩ সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [**সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**]।

১৪ সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

১৫ সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।

১৬ সহকারী সচিব (সকল)/হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

১৭ অফিস কপি।

০৫/০৮/২০২১

(মনির হোসেন চৌধুরী)
উপসচিব